

(প্রেস বিজ্ঞপ্তি)

২৪ আগস্ট'২০২৩খ্রি.

জনগণের বিপদে পাশে দাঁড়ানোই বঙ্গবন্ধুর আদর্শ: মেয়র রেজাউল

প্রাকৃতিক দুর্যোগ থেকে রাজনৈতিক সংকট যে কোন দুর্যোগে বিপদাপন্ন মানুষের পাশে দাঁড়ানোই বঙ্গবন্ধুর আদর্শ বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার নগরীর একটি কমিউনিটি সেন্টারে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চট্টগ্রাম সিটি ইউনিটের আয়োজনে এবং গ্রামীণফোনের সহযোগিতায় রেকর্ড বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত এক হাজার মানুষের হাতে ফুড প্যাকেজ তুলে দেন মেয়র।

দুর্যোগ পরিস্থিতিতে সব সময় মানুষের পাশে দাঁড়ানোয় রেড ক্রিসেন্টকে ধন্যবাদ জানিয়ে প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, প্রাকৃতিক দুর্যোগ থেকে রাজনৈতিক সংকট যে কোন দুর্যোগে বিপদাপন্ন মানুষের পাশে দাঁড়ানোই বঙ্গবন্ধুর আদর্শ। করোনা মহামারীর মতো বড় হুমকি মোকাবিলায় বাংলাদেশের যে সাফল্য তার পিছনে আছে আওয়ামী লীগ কর্মীদের নিরলস পরিশ্রম।

বিশেষ অতিথির বক্তব্যে সংসদ সদস্য নোমান আল মাহামুদ বলেন, প্রতিষ্ঠার পর থেকে আওয়ামী লীগ সবসময় গণমানুষের কণ্ঠস্বর হিসেবে কাজ করেছে। আজকে দেশের যে উন্নয়ন তার ভিত্তি তৈরি করে দিয়েছেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বাস্তবায়ন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একারণে জনগণ উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার পাশে আছে এবং থাকবে।

চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্ট ইউনিটের সেক্রেটারি আবদুল জব্বারের সভাপতিত্বে উপস্থিত ছিলেন ওয়ার্ড কাউন্সিলর নুরুল মোস্তফা টিনু, চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের কার্যকরী পর্ষদ সদস্য মহসিন উদ্দিন চৌধুরী ফয়সাল, মোঃ মোশরাফুল হক চৌধুরী পাভেল, মোঃ ইমতিয়াজ, গ্রামীণফোনের সিনিয়র স্পেশালিস্ট মো. সুলতানুল, ইস্তাকুল ইসলাম চৌধুরী ইশান, কাজী আসাদুজ্জামান প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮